

স্মারক নং ৩৭.২০.০০০০.০০২.০২.৩৩৭.২৪/৬৫৬

তারিখ: ২৫ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ  
০৮ এপ্রিল ২০২৬ খ্রিষ্টাব্দ

## বিজ্ঞপ্তি

### GIS Mapping of Secondary Educational Institutions and Compliance Verification Survey শীর্ষক স্কিম এর আওতায় তথ্য সংগ্রহ কার্যক্রমে তথ্যসংগ্রহকারীদের পারিশ্রমিক প্রদান সংক্রান্ত।

বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস) কর্তৃক বাস্তবায়নধীন GIS Mapping of Secondary Educational Institutions and Compliance Verification Survey শীর্ষক স্কিমের আওতায় দেশের মাধ্যমিক স্তরের সকল শিক্ষা প্রতিষ্ঠানের তথ্য সংগ্রহের জন্য নিয়োগকৃত ১৭৩৮ জন তথ্যসংগ্রহকারীগণের পারিশ্রমিক আগামী ১২ এপ্রিল ২০২৬ তারিখের মধ্যে তথ্যসংগ্রহকারীগণ কর্তৃক প্রদত্ত বিকাশ নম্বরে প্রেরণ করা হবে। কোন তথ্যসংগ্রহকারী নির্ধারিত সময়ের মধ্যে বিকাশে উক্ত কাজের পারিশ্রমিক না পেয়ে থাকলে আগামী ১৫ এপ্রিল ২০২৬ তারিখের মধ্যে ব্যানবেইস এর পরিসংখ্যান বিভাগে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।


#### বিকাশ হতে ক্যাশ আউটের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ নির্দেশনা:

- ১। সরকারি পরিপত্র অনুযায়ী পারিশ্রমিক বাবদ প্রাপ্ত অর্থ কেবলমাত্র তথ্যসংগ্রহকারীগণ কর্তৃক প্রদত্ত বিকাশ নম্বর হতে ক্যাশ আউটের ক্ষেত্রেই প্রতি হাজারে ৬ টাকা হারে চার্জ প্রযোজ্য হবে। অন্যথায় বিকাশ এর রেগুলার চার্জ প্রযোজ্য হবে।
- ২। পারিশ্রমিক বাবদ প্রাপ্ত অর্থের সমপরিমাণ বা কম উত্তোলনের ক্ষেত্রেই শুধুমাত্র প্রতি হাজারে ৬ টাকা হারে চার্জ প্রযোজ্য হবে। প্রাপ্ত পারিশ্রমিকের চেয়ে বেশি টাকা উত্তোলন করতে গেলে বিকাশ এর রেগুলার চার্জ প্রযোজ্য হবে।

#### উদাহরণ স্বরূপ:

জনাব 'ক' পারিশ্রমিক বাবদ ১০০০ টাকা প্রাপ্ত হলেন। প্রাপ্ত ১০০০ টাকা বা তার কম ক্যাশ আউটের ক্ষেত্রে প্রতি হাজারে ৬ টাকা হারে চার্জ প্রযোজ্য হবে। প্রাপ্ত ১০০০ টাকার বেশি (যেমন ১০০১ টাকা) উত্তোলনের ক্ষেত্রে সম্পূর্ণ টাকার উপরই বিকাশ এর রেগুলার চার্জ প্রযোজ্য হবে। প্রাপ্ত পারিশ্রমিক বা তার কম অর্থ ধাপে ধাপে উত্তোলন করলেও প্রতি হাজারে ৬ টাকা হারে চার্জ প্রযোজ্য হবে।

বি: দ্র: ব্যানবেইস বা বিকাশ হতে কোন অবস্থাতেই বিকাশ পিন নম্বর বা ওটিপি জানতে চাওয়া হবে না। তাই কারো সাথে বিকাশ পিন নম্বর বা ওটিপি শেয়ার করা হতে বিরত থাকার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, বিকাশ পিন নম্বর বা ওটিপি শেয়ারের কারণে কোনরূপ প্রতারণার শিকার হলে ব্যানবেইস কর্তৃপক্ষ দায়ী থাকবে না এবং পরবর্তীতে এ বিষয়ে কোন অভিযোগ দাখিল করা যাবে না।



(প্রফেসর মোঃ গোলাম ফিরোজ)  
পরিচালক (পরিসংখ্যান)

ও

ডেপুটি স্কিম ডিরেক্টর  
জিআইএস ম্যাপিং এন্ড সিভিএস

ফোন: ০২-৪১০৬০৭৩৩

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। প্রোগ্রাম কোঅর্ডিনেটর, এসইডিপি-পিসিইউ, শিক্ষা ভবন, ঢাকা।
- ২। পরিচালক (প্রশাসন ও অর্থ), বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), ঢাকা।
- ৩। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা।
- ৪। প্রোগ্রামার-১, ব্যানবেইস (ব্যানবেইস ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।
- ৫। জেলা শিক্ষা অফিসার ও জেলা কো-অর্ডিনেটর, জিআইএস এন্ড সিভিএস (সকল)।
- ৬। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার ও সুপারভাইজার, জিআইএস এন্ড সিভিএস (সকল)।
- ৭। সহকারী প্রোগ্রামার (ইউআইটিআরসিই) ও টেকনিক্যাল সুপারভাইজার, জিআইএস এন্ড সিভিএস (সকল)।
- ৮। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), ব্যানবেইস, ঢাকা।
- ৯। তথ্যসংগ্রহকারী, জিআইএস এন্ড সিভিএস (সকল)।
- ১০। সংরক্ষণ নথি, ব্যানবেইস, ঢাকা।